

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫৩

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: جَاءَتِ امْرَأَةٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ ذَهَبَ الرِّجَالُ بِحَدِيثِكَ فَاجْعَلْ لَنَا مِنْ نَفْسِكَ يَوْمًا نَأْتِيكَ فِيهِ تُعَلِّمُنَا مِمَّا عَلَّمَكَ اللَّهُ. فَقَالَ: «اجْتَمِعْنَ فِي يَوْمِ كَذَا وَكَذَا فِي مَكَانِ كَذَا وَكَذَا» فَاجْتَمَعْنَ فَأَتَاهُنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَّمَهُنَّ مِمَّا عَلَّمَهُ اللَّهُ ثُمَّ قَالَ: «مَا مِنْكُنَّ امْرَأَةٌ تُقَدِّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَّمَهُنَّ مِمَّا عَلَّمَهُ اللَّهُ ثُمَّ قَالَ: «مَا مِنْكُنَّ امْرَأَةٌ تُقَدِّمَ بَيْنَ يَدَيْهَا مِن وَلَدِهَا ثَلَاثَةَ إِلَّا كَانَ لَهَا حِجَابًا نِ النَّارِ» فَقَالَتِ امْرَأَةٌ مِنْهُنَّ: يَا رَسُولَ اللَّهِ أَوْ اثْنَيْنِ؟ وَأَنْ الْهُ مَرَّتَيْنِ. ثُمَّ قَالَ: «وَاثْنَيْنِ» . رَوَاهُ البُخَارِيّ

#### বাংলা

১৭৫৩-[৩২] আবূ সা'ঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে একজন মহিলা এসে বলল, হে আল্লাহর রস্ল! পুরুষ আপনার বাণী শুনে উপকৃত হচ্ছে, (এ অবস্থায়) আপনি আমাদের জন্য একটি দিন নির্দিষ্ট করে দিন, যেদিন আমরা আপনার খিদমাতে উপস্থিত হব। আপনি আমাদেরকে ওসব কথা শুনাবেন, যা আল্লাহ আপনাকে বলেছেন। (এ কথা শুনে) রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে দিন ও স্থান নির্ধারণ করে উপস্থিত থাকতে বললেন। সে মতে মহিলাগণ সেখানে একত্রিত হলো। রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে ওসব কথাই শিক্ষা দিলেন, যা আল্লাহ তাঁকে শিক্ষা দিয়েছেন। অতঃপর তিনি বললেন, তোমাদের মধ্যে যার তিনটি সন্তান তার আগে মৃত্যুবরণ করেছে, সে তার ও জাহান্নামের মধ্যে আড়াল হবে। এ কথা শুনে তাদের একজন জিজ্ঞেস করল, হে আল্লাহর রস্ল! যদি আগে দু' সন্তান মৃত্যুবরণ করে এবং সে কথাটি দু'বার পুনরাবৃত্তি করল। তখন রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন-যদি দু'জনও হয়, দু'জন হয়, দু'জন হয়। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৭৩১০, শু'আবুল ঈমান ৯২৮৭, সহীহ আল জামি' আস্ সগীর ৫৮০৫।



#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে কয়েকটি বিষয়ের কথা উল্লেখ করা হয়েছে। এ হাদীসে 'ইলমের গুরুত্বের কথা তুলে ধরা হয়েছে। পুরুষের পাশাপাশি মহিলারাও জ্ঞান অর্জন করবে। যিনি 'ইলম শিক্ষা দেবেন তিনি নারীদের জন্য নির্দিষ্ট দিন ও স্থান ঠিক করে তাদেরকে শারী আতের জ্ঞান শিক্ষা দেবেন। তারপর মহিলাদেরকে একটি বিষয়ে সুসংবাদ দেয়া হয়েছে যে, যদি কোন নারীর দু'টি বা তিনটি সন্তান তার জীবদ্দশায় অপ্রাপ্ত বয়সে মারা যায় তাহলে উক্ত মহিলা জান্নাতে প্রবেশ করবে।

হাদীসে যে মহিলার আসার কথা বলা হয়েছে তার নাম হল, আসমা বিনতু ইয়াযীদ ইবনু সাকান (রাঃ)। আসমা (রাঃ)-এর কথা "পুরুষরা হাদীস নিয়ে চলে গেছে" এর মর্মার্থ সম্পর্কে আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, পুরুষরা তাদের অংশগ্রহণ করেছ এবং রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছ থেকে উপদেশ নিয়ে ফিরে গেছে।

মুল্লা 'আলী ক্বারী (রহঃ) বলেন, এর অর্থ হল পুরুষরা সফলতা নিয়ে ফিরে গেছে। আর আমরা নারীরা এসব থেকে বঞ্চিত রয়েছি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন